দৈনিক
ইনকিলাব

তারিখ: 30 MAY 2010
পৃষ্ঠা: ৩ কলাম: ৪

# ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিরুদ্ধে নিয়মবহির্ভূত কার্যক্রম

## তদন্তে নেমেছে শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি

স্টাফ রিপোর্টার

বেসরকারী বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ না মেনে চলার অভিযোগ উঠেছে ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিরুদ্ধে। অধ্যাদেশ অনুযায়ী বৈধ ট্রাস্টিবোর্ড ও পরিচালনা পরিষদ না থাকা, ভিসি এবং ট্রেজারারেরও বৈধতা নিয়ে প্রশ্ন, শিক্ষার নামে বাণিজ্যসহ বিভিন্ন অভিযোগ খতিয়ে দেখতে মাঠে নেমেছে শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। অভিযোগে জানা যায়, দীর্ঘ প্রায় ১০ বছর ধরে অবৈধভাবে চলছে ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি নামের একটি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম। কাজ চলছে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ, প্রতিষ্ঠাতা ও বৈধ পরিচালনা পরিষদকে বাইরে রেখেই। ২০০১ সালের নির্বাচনে চারদলীয় জোটের ক্ষমতা গ্রহণের পর বিএনপি নেতা নাসির উদ্দিন পিন্টুর দখলের পর থেকে নির্বিঘ্নেই চলছে শিক্ষার নামে বাণিজ্য। শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি সূত্রে জানা যায়, সাবেক এমপি মকবুল হোসেনের আবেদনের প্রেক্ষিতে কাজ শুরু করেছে শিক্ষা মন্ত্রণালয় এবং ইউজিসি। জোরপূর্বক দখল এবং অবৈধভাবে পরিচালনায় অভিযোগ তদন্তের নির্দেশ দিয়েছে মন্ত্রণালয়। আর অনিয়মের হাত থেকে প্রতিষ্ঠানকে রক্ষায় কাজ শুরু করেছে ইউজিসি। এরই মধ্যে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে নোটিশ দেয়া হয়েছে। ইউজিসির চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বলেন, বিষয়টি নিয়ে কাজ চলছে। কাগজপত্র দেখা হচ্ছে। এ বিষয়টিতে আইনী পরামর্শ নেয়া হবে। জানা গেছে দীর্ঘ প্রায় ১০ বছর পর মূল কর্তৃপক্ষের অধীনে যাওয়া এবং বছরের পর বছর নিয়মবহির্ভূতভাবে চলার ঘটনা নিয়ে এই মুহূর্তে তোলপাড় চলছে সংশ্লিষ্টদের মধ্যে। ছাত্র-শিক্ষকদের মাঝে অজানা তথ্য ছড়িয়ে পড়ায় সৃষ্টি হয়েছে কৌতূহল উদ্বেগ-উৎকণ্ঠা। প্রতিষ্ঠাতা ও সভাপতি ঢাকার সাবেক এমপি আলহাজ্ব মকবুল হোসেনের একটি আবেদনের পর প্রতিষ্ঠানের অবৈধ কার্যক্রমের তথ্য বেরিয়ে আসছে। তিনি অবিলম্বে বিশ্ববিদ্যালয়ের ভিসি ও ট্রেজারার নিয়োগ বাতিলসহ নিয়মবহির্ভূত কার্যক্রম এবং নতুন শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের কাছে আবেদন জানিয়েছেন। একই সঙ্গে তিনি বৈধভাবে নিবন্ধিত ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ফাউন্ডেশন যাতে সুচারুভাবে প্রতিষ্ঠানটি পরিচালনা করতে পারে সে বিষয়ে সহায়তা কামনা করেছেন।